# প্রেস বিজ্ঞপ্তি
# জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
# বিভিন্ন অপরাধে ৫১টি প্রতিষ্ঠানকে ২.৯৮ লক্ষ টাকা জরিমানা

**১৬ জুন ২০১৬**

**বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের** প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, গোপালগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, পাবনা, বরগুনা, চাঁপাইনবাবগঞ্জ, মৌলভীবাজার ও রাজশাহীতে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর শাহজাহানপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে টাঙ্গাইল চমচম ঘরকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আল আমিন কনফেকশনারী ও আলাউদ্দিন সুইটসকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২৫,০০০/- (পচিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে অনুরাগ রেস্তোরাকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে **৪টি** প্রতিষ্ঠানকে **৪০,০০০/- (চল্লিশ হাজার)** টাকাসহ মোট **৭০,০০০/- (সত্তর হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা পশ্চিম এলাকায় ভাগ্যপলী বেকারী পেস্ট্রি এন্ড সুইটসকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা, কিংস সুইটসকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, র‍্যাপট ফার্মেসীকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও জননী রেস্তোরাকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফুড জ্যাংশনকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **৫৪,০০০/- (চুয়ান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে **১,০০০/- (এক হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের অপরাধে তানজিলা স্টোর ও মান্নান ফার্মাকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা করে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরীর চকবাজার এলাকায় **৭টি** প্রতিষ্ঠানকে **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরের রাজপাড়া থানায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৩,০০০/- (তের হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১১,৪০০/- (এগার হাজার চারশত)** টাকা, গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের হোসেনপুর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার বেতাগী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা এবং মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের রাজনগর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৫,২০০/- (পাঁচ হাজার দুইশত)** টাকাসহ মোট **১,৩৯,৬০০/- (এক লক্ষ উনচল্লিশ হাজার ছয়শত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের **১৩টি** বাজার তদারকিতে **৫১টি** প্রতিষ্ঠানকে মোট **২,৯৮,৬০০/- (দুই লক্ষ আটানব্বই হাজার ছয়শত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও মহানগর পুলিশ, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, বাজার কর্মকর্তা, ক্যাব ও স্যানেটারী ইন্সপেক্টর এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট ও বরিশাল মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, মৌলভীবাজার, গোপালগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, পাবনা, বরগুনা ও চাঁপাইনবাবগঞ্জ।
৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, মৌলভীবাজার, গোপালগঞ্জ, গাজীপুর, কিশোরগঞ্জ, পাবনা, বরগুনা ও চাঁপাইনবাবগঞ্জ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।